সংবাদ

তারিখ 15 JUL 2017
পৃষ্ঠা ৫ কলাম ৭

# কমলগঞ্জে স্কুল সভাপতির হাতে শিক্ষক লাঞ্ছিত

**প্রতিনিধি, কমলগঞ্জ (মৌলভীবাজার)**

কমলগঞ্জ উপজেলার একটি সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতির হাতে একজন শিক্ষক লাঞ্ছিত হয়েছেন বলে অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় সুষ্ঠু বিচার দাবি করে শিক্ষক উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর লিখিত অভিযোগ দায়ের করেছেন।

লিখিত অভিযোগ সূত্রে জানা যায়, কমলগঞ্জের মাধবপুর ইউনিয়নের মহেন্দ্র ঝাবটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আবদুল খালিক চৌধুরী গত ১০ জুলাই ১০ মিনিট বিলম্বে বিদ্যালয়ে আসেন। তখন বিদ্যালয়ে উপস্থিত পরিচালনা কমিটির সভাপতি মো. তাজ উদ্দিন তাকে গালিগালাজ করেন। এক পর্যায় ওই শিক্ষককে তাজ উদ্দিন কিল, ঘুষি ও লাথি মারেন। এ সময় শিক্ষকের সঙ্গে থাকা নগদ ৫ হাজার টাকা জোর পূর্বক নিয়ে যান। এছাড়া ওই শিক্ষকের ব্যবহৃত বাই সাইকেল ও মোবাইল ফোন ভাঙচুর করেন। তখন আক্রান্ত শিক্ষকের চিৎকারে অন্যান্য শিক্ষকরা এসে তাকে উদ্ধার করেন। এ ঘটনায় সুষ্ঠু বিচার দাবি করে শিক্ষক আবদুল খালিক চৌধুরী গত ১২ জুলাই কমলগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তার দফতরে লিখিত অভিযোগ দায়ের করেছেন।

এ ব্যাপারে যোগাযোগের চেষ্টা করেও অভিযুক্ত তাজ উদ্দিনকে পাওয়া যায়নি।